



গতকাল মঙ্গলবার ই-বিজ-এর প্রধান সম্পাদক ও রোববার পাবলিকেশনের চেয়ারপারসন সাজু হোসেনের দপ্তরে ই-বিজ ও গ্রামীণ স্টার এডুকেশনের মধ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। গ্রামীণের প্রতিনিধিত্ব করেন গ্রামীণ স্টার এডুকেশন লিঃ-এর ম্যানেজিং ডিরেক্টর ডঃ নইমুদ্দীন চৌধুরী। (ছবিতে বাঁ দিক থেকে) সাজু হোসেন, ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশনের এক্সিকিউটিভ কনসালটেন্ট ও ই-বিজ-এর ব্যবস্থাপনা সম্পাদক আরশাদ হোসেন, গ্রামীণ স্টার এডুকেশনের সিস্টেম আর্কিটেক্ট সাফকাত উল্লাহ এবং ডঃ নইমুদ্দীন চৌধুরী

## তথ্যপ্রযুক্তি বিকাশে গ্রামীণ স্টার এডুকেশন ও ই-বিজ শীঘ্রই যৌথ কার্যক্রম শুরু করবে

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশের তথ্য প্রযুক্তি শিক্ষা বিস্তারে এবং সফটওয়্যার শিল্প বিকাশে গ্রামীণ স্টার এডুকেশন ও ই-বিজ শীঘ্রই যৌথ কার্যক্রম শুরু করতে যাচ্ছে। এ লক্ষ্যে গতকাল মঙ্গলবার ই-বিজ-এর প্রধান সম্পাদক ও রোববার পাবলিকেশন-এর চেয়ারপারসন সাজু হোসেন-এর দপ্তরে ই-বিজ ও গ্রামীণ স্টার এডুকেশনের মধ্যে এক প্রাথমিক বৈঠক অনুষ্ঠিত হয়। গ্রামীণ-এর প্রতিনিধিত্ব করেন গ্রামীণ স্টার এডুকেশন লিঃ-এর ম্যানেজিং ডিরেক্টর ডঃ নইমুদ্দীন চৌধুরী। বৈঠকে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন-এর এক্সিকিউটিভ কনসালটেন্ট এবং ই-বিজ-এর ব্যবস্থাপনা সম্পাদক আরশাদ হোসেন, ই-বিজ-এর কারিগরি সম্পাদক শাখাওয়াৎ আলম রনো ও গ্রামীণ স্টার এডুকেশন লিঃ-এর সিস্টেম আর্কিটেক্ট সাফকাত উল্লাহ।

তথ্য প্রযুক্তি ক্ষেত্রে প্রতিবেশী ভারতের সাফল্যের কথা উল্লেখ করে সাজু হোসেন এক্ষেত্রে বাংলাদেশের প্রতিষ্ঠিত কোম্পানীগুলোকে একযোগে সমন্বয়ের মাধ্যমে এগিয়ে আসার আহ্বান জানান। ডঃ নইমুদ্দীন চৌধুরী বলেন, তথ্য প্রযুক্তি ক্ষেত্রে গ্রামীণ ও ই-বিজ-এর মতো প্রতিষ্ঠিত দেশীয় ব্র্যান্ডগুলো এক সাথে কাজ করলে এ শিল্পের ব্যাপক উন্নয়ন অবশ্যম্ভাবী। আরশাদ হোসেন প্রবাসী ভারতীয়দের নিজেদের নেটওয়ার্কের মাধ্যমে তথ্য প্রযুক্তি শিল্পকে এগিয়ে নেয়ার উল্লেখ করে বাংলাদেশী প্রবাসীদের মাধ্যমে এমন নেটওয়ার্ক গঠনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন।

বৈঠকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য প্রচলিত শিক্ষা ব্যবস্থার সাথে ই-বিজ-এ কম্পিউটার বেইজড ট্রেনিং, গ্রামের মহিলাদের জন্য কম খরচে আইটি শিক্ষার ব্যবহার, সফটওয়্যার শিল্পের রূপে অবস্থা উন্নয়নে সমন্বিত উদ্যোগ গ্রহণ প্রভৃতি বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।